# ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠীর পাশে

## চিন্তার স্বচ্ছতা ও আচরণবিধি



বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠী নিয়ে কর্মরত মানবাধিকার ও উন্নয়ন কর্মী এবং সাংবাদিক-গবেষকদের জন্য সহায়ক গ্রন্থ


*মূল লেখা*

ফিলিপ গাইন
হরিশংকর জলদাস
পার্থ শঙ্কর সাহা

# ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠীর পাশে

## চিন্তার স্বচ্ছতা ও আচরণবিধি



**বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠী নিয়ে কর্মরত মানবাধিকার ও উন্নয়ন কর্মী এবং সাংবাদিক-গবেষকদের জন্য সহায়ক গ্রন্থ**

সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)

**২০১৯**

*সম্পাদক*

**ফিলিপ গাইন**

*সম্পাদনা সহকারী*

**রবিউল্লাহ**

*মূল লেখা*

**ফিলিপ গাইন**

**ড. হরিশংকর জলদাস**

**পার্থ শঙ্কর সাহা**

*প্রকাশক*
সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট
১৪৭/১, গ্রীন ভ্যালী, ফ্ল্যাট নং. ২এ (৩য় তলা)
গ্রীন রোড, ঢাকা-১২১৫, বাংলাদেশ
ফোন: ৮৮-০২-৫৮১৫৩৮৪৬
ই-মেইল: sehd@sehd.org, www.sehd.org

প্রকাশকাল: ২০১৯
আইএসবিএন: ৯৭৮-৯৮৪-৩৪-৯৪৬৮-৯
ISBN: 978-984-34-9468-9

প্রচ্ছদ: ফিলিপ গাইন
কম্পোজ ও পৃষ্ঠাসজ্জা: প্রসাদ সরকার
মুদ্রক: জাহান ট্রেডার্স
মূল্য: ২০০ টাকা

স্বত্ব: সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)

ইউরোপীয় ইউনিয়ন ও ইকো কোঅপারেশন-এর অর্থায়নে পরিচালিত প্রকল্পের আওতায় এ প্রকাশনা সম্ভব হয়েছে। এ প্রকাশনায় যেসব দৃষ্টিভঙ্গি ও মতামত প্রকাশিত হয়েছে তা আবশ্যিকভাবে দি ইউরোপীয় ইউনিয়ন এবং ইকো কোঅপারেশন-এর নয়।

প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। সংবাদপত্র বা সাময়িকীতে পর্যালোচনা বা প্রকাশের জন্য সংক্ষিপ্ত উদ্ধৃতি ব্যতিরেকে এই গ্রন্থে প্রকাশিত তথ্য আংশিক বা সম্পূর্ণ পুনর্মুদ্রণ অথবা অন্য কোনোভাবে সংরক্ষণ বা প্রকাশনার জন্য অবশ্যই স্বত্বাধিকারীর লিখিত পূর্বানুমতি নিতে হবে।

*Khudra Jatishatta O Prantik Janagoshthir Pashe: Chintar Shachhata O Acharanbidhi* (On the side of the smaller ethnic communities and marginalized groups: intellectual clarity and code of conduct) is a guide for human rights defenders, development workers, journalists, researchers and academicians who work with the smaller ethnic communities, different marginalized and occupational groups and social outcasts.

# সূচি

**ভূমিকা** vi-vii

*অধ্যায়: এক*

**বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠী: অবস্থা ও করণীয়** ১-৯৩
*বাংলাদেশে কারা বিচ্ছিন্ন, প্রান্তিক ও সামাজিকভাবে অচ্ছুত মানুষ? সমতলের আদিবাসী বা ক্ষুদ্র জাতিসত্তাসমূহ, স্বল্প-পরিচিত ও অদৃশ্য জাতিগোষ্ঠীসমূহ, চা শ্রমিক ও তাদের জাতিগোষ্ঠীসমূহ, অন্যান্য পেশাভিত্তিক প্রান্তিক গোষ্ঠীসমূহ, বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠীসমূহের বর্তমান অবস্থা ও সমস্যা (অর্থনৈতিক অবস্থা, রাজনৈতিক সুরক্ষা ও মানবাধিকার), ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠীসমূহের সুরক্ষা ও সক্ষমতা বৃদ্ধির জন্য করণীয় (সরকারের কৌশলগত নীতি ও কর্মসূচি, নিজেদের সক্ষমতা বৃদ্ধির জন্য যা যা প্রয়োজন ও করণীয়)।*

—ফিলিপ গাইন

**দলিত বিতর্ক: পরিপ্রেক্ষিত বাংলাদেশ** ৯৪-১০১

—হরিশংকর জলদাস

*অধ্যায়: দুই*

**মানবাধিকার ও উন্নয়ন কর্মীর নীতি, নৈতিকতা ও আচরণবিধি** ১০৩-১৪২

—পার্থ শঙ্কর সাহা

*অধ্যায়: তিন*

***দরকারি পরিশিষ্ট*** ১৪৪-১৯৩

আদিবাসী ও চা জনগোষ্ঠী নিয়ে কর্মরত নিজস্ব স্থানীয় ও জাতীয় প্রতিষ্ঠান

আদিবাসী, চা জনগোষ্ঠী ও প্রান্তিক মানুষ নিয়ে কর্মরত স্থানীয় ও জাতীয় বেসরকারি প্রতিষ্ঠান

আদিবাসী ও প্রান্তিক মানুষ নিয়ে কর্মরত আন্তর্জাতিক প্রতিষ্ঠান

চা শ্রমিক ও অন্যান্য প্রান্তিক মানুষ নিয়ে কর্মরত সরকারি প্রতিষ্ঠান

যৌনকর্মীদের নেটওয়ার্ক ও তাদের নিজস্ব সংগঠন

যৌনকর্মীদের নিয়ে কর্মরত বেসরকারি এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠান

# ভূমিকা

বাংলাদেশের প্রান্তিক মানুষদের নিয়ে যেসব মানবাধিকার ও উন্নয়নকর্মী, সাংবাদিক, গবেষক ও অন্য যারা কাজ করেন এটি তাদের জন্য একটি সহায়ক গ্রন্থ। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড) বরাবরই আদিবাসী ও চা জনগোষ্ঠীসহ প্রান্তিক মানুষদের ব্যাপারে মনোযোগী। তবে সাড়ে ছয় বছর ধরে ইউরোপীয় ইউনিয়ন ও ইকো-কোঅপারেশনকে পাশে পেয়ে সমতলের আদিবাসী, চা জনগোষ্ঠী, বেদে, হরিজন, জলদাস, কায়পুত্র, ঋষি ও বিহারিদের নিয়ে গুরুত্বপূর্ণ গবেষণা করার সুযোগ পেয়েছে। এদের মানচিত্রায়ণ করতে গিয়ে এদের অবস্থা, সমস্যা, প্রয়োজন এসব বিষয়ে গবেষণা ও ব্যাপক আলাপ-আলোচনা ও মত বিনিময় হয়েছে। সেসব গবেষণা ও অনুসন্ধান থেকে যেসব গ্রন্থ ও মনোগ্রাফ প্রকাশিত হয়েছে সেসবের সার-সংক্ষেপ এ সহায়ক গ্রন্থের প্রথম লেখায় পাওয়া যাবে। তাছাড়া এদের বর্তমান আর্থ-সামাজিক অবস্থা ও সমস্যা নিয়ে বেশ লম্বা আলোচনা আছে প্রথম লেখাটিতে। এসব প্রান্তিক জনগোষ্ঠী আজ যেসব সমস্যার মধ্যে ডুবে আছে তার থেকে তাদের উদ্ধারে রাষ্ট্র ও বেসরকারি নানা উদ্যোগ কী ভূমিকা রাখছে এবং কীভাবে সেসব আরো জোরদার করা যায় সে ব্যাপারেও আলোচনা আছে এ লেখায়।

প্রান্তিক জনগোষ্ঠী নিয়ে আলোচনায় দলিত বিতর্ক আসবেই। বাংলাদেশে দলিত কে? এ নিয়ে নানা জনের নানা মত আছে। এ বিষয়ে বিশিষ্ট লেখক এবং গবেষক ড. হরিশংকর জলদাসের একটি লেখা আমরা এ গ্রন্থে যোগ করেছি।

এ গ্রন্থের একটি গুরুত্বপূর্ণ লেখা মানবাধিকার ও উন্নয়নকর্মীর নীতি, নৈতিকতা এবং আচরণবিধি নিয়ে বিশেষ করে তারা যখন প্রান্তিক মানুষদেরকে নিয়ে কাজ করেন। এ ব্যাপারে অনেকগুলো পরামর্শ সভায় যেসব চলক বা সূচক উঠে এসেছে সেসবের উপর নির্ভর করে পার্থ শঙ্কর সাহা তৈরি করেছেন এ লেখা। এতে তিনি প্রান্তিক জনগোষ্ঠী নিয়ে তার নিজের গবেষণা ও লেখালেখির অভিজ্ঞতা কাজে লাগিয়েছেন। মানবাধিকার ও উন্নয়ন কর্মীকে হতে হবে সংবেদনশীল, নিষ্ঠাবান, নির্লোভ, আচার-আচরণে সংযত, সতর্ক, নিরপেক্ষ, মনোযোগী, পরিশ্রমী ও দক্ষ। কীভাবে তারা এতোসব গুণ অর্জন করবেন তাই নিয়ে এ লেখা।

প্রান্তিক ও পিছিয়ে পড়া জনগোষ্ঠী নিয়ে কাজ করে এসব জনগোষ্ঠীর নিজস্ব নানা প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি নানা সংস্থা এবং দাতা সংস্থা। সহায়ক গ্রন্থের শেষে ছয়টি ভাগে এদের ভাগ করে প্রত্যেকটি প্রতিষ্ঠানের উপর সংক্ষেপে আলোচনা করা

হয়েছে এবং তাদের পূর্ণ ঠিকানা বা ওয়েব ঠিকানা দেয়া হয়েছে। যারাই প্রান্তিক জনগোষ্ঠী নিয়ে কাজ করুন না কেন তারা শেষ অধ্যায়ের পরিশিষ্টসমূহ থেকে বিশেষভাবে উপকৃত হবেন বলেই আমাদের বিশ্বাস।

বর্ণনামূলক এ সহায়ক গ্রন্থ শুধু তথ্য-উপাত্ত ও নানা নির্দেশনাই দিচ্ছে না তার পাশাপশি বৌদ্ধিক পরিচ্ছন্নতা নিয়ে বাংলাদেশের প্রান্তিক মানুষের পাশে দাঁড়াতে ও কাজ করতে মানবাধিকার ও উন্নয়নকর্মী, সাংবাদিক ও গবেষকদের উদ্বুদ্ধ করবে এমনটাই আমরা আশা করি।

এ গ্রন্থে যারা লিখেছেন তাদের সবাইকে কৃতজ্ঞতা জানাই। যারা লিখেন নাই কিন্তু বিভিন্ন পরামর্শ সভায় অংশ নিয়েছেন, মতামত, পরামর্শ ও দিক নির্দেশনা দিয়েছেন তাদের সংখ্যা অনেক। কৃতজ্ঞচিত্তে যাদের নাম উল্লেখ না করলেই নয় তাদের মধ্যে রয়েছেন ড. হোসেন জিল্লুর রহমান, অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ, ড. মোহাম্মদ আব্দুল ওয়াজেদ, রামভজন কৈরী, চিত্ত ঘোষ, হারুন-অর-রশিদ, দেবপ্রসাদ মল্লিক, অজয় এ মৃ, ইউজিন নকরেক, জয়নাল আবেদিন, সুলেখা ম্রং, নির্মল চন্দ্র দাস, কৃষ্ণলাল. সৌদ খান, আশা অরনাল, বাবুল রবিদাস, মিলন দাস, উজ্জল কুমার দাস, কাজল বেগম, ইভান আহমেদ কথা, রমজান আহমেদ, আলেয়া আখতার লিলি, মর্জিনা বেগম, মো. মোকসেদ, তপন দত্ত, বিষ্ণু হরিজন, অধ্যাপক তানজিমউদ্দিন খান, ডেভিড হিলটন, সাবরিনা মিতি গাইন, জুলফিকার আলী মানিক, জিডিশন প্রধান সুচিয়াং, কৃষ্ণপদ মুন্ডা, মোয়াজ্জেম হোসেন এবং সারা মারান্ডী।

ইউরোপীয় ইউনিয়ন ও ইকো কোঅপারেশন-এর সহযোগিতায় এ সহায়ক গ্রন্থ প্রকাশ সম্ভব হলো। এ'দুটি বিদেশী উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান সাড়ে ছয় বছর ধরে দু'টি প্রকল্পে আর্থিক সহযোগিতা এবং পাশাপাশি নানা পরামর্শ দিয়েছে। আমরা এ প্রতিষ্ঠান দুটোর কাছে কৃতজ্ঞ।

আমাদের বিশ্বাস এ সহায়ক গ্রন্থ প্রান্তিক ও বাদপড়া জনগোষ্ঠী নিয়ে কর্মরত প্রতিষ্ঠান ও ব্যক্তিকে পরিষ্কার চিন্তা করতে সাহায্য করবে, তাদের সক্ষমতা ও দক্ষতা বাড়াবে এবং তাদের সঠিক নীতি-কৌশল ও আচার-আচরণ গঠনে সহায়ক হবে।

*ফিলিপ গাইন*
*সম্পাদক*

সহায়ক গ্রন্থ

# ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠীর পাশে
## চিন্তার স্বচ্ছতা ও আচরণবিধি

*এ সহায়ক গ্রন্থে রয়েছে*

*মূল লেখা*

বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা ও প্রান্তিক জনগোষ্ঠী: অবস্থা ও করণীয়

দলিত বিতর্ক: পরিপ্রেক্ষিত বাংলাদেশ

মানবাধিকার ও উন্নয়ন কর্মীর নীতি, নৈতিকতা ও আচরণবিধি

*দরকারি পরিশিষ্ট*

আদিবাসী ও চা জনগোষ্ঠী নিয়ে কর্মরত নিজস্ব স্থানীয় ও জাতীয় প্রতিষ্ঠান

আদিবাসী, চা জনগোষ্ঠী ও প্রান্তিক মানুষ নিয়ে কর্মরত স্থানীয় ও জাতীয় বেসরকারি প্রতিষ্ঠান

আদিবাসী ও প্রান্তিক মানুষ নিয়ে কর্মরত আন্তর্জাতিক প্রতিষ্ঠান

চা শ্রমিক ও অন্যান্য প্রান্তিক মানুষ নিয়ে কর্মরত সরকারি প্রতিষ্ঠান

যৌনকর্মীদের নেটওয়ার্ক ও তাদের নিজস্ব সংগঠন

যৌনকর্মীদের নিয়ে কর্মরত বেসরকারি এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠান

আইএসবিএন: ৯৭৮-৯৮৪-৩৪-৯৪৬৮-৯
ISBN: 978-984-34-9468-9
মূল্য: ২০০ টাকা

EUROPEAN UNION SEHD PPRC CCDB GBK গ্রাম বিকাশ কেন্দ্র GRAM BIKASH KENDRA icco COOPERATION